

## ৬ষ্ঠ অধ্যায়

### ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম

#### মডেল-১২

- ১.▶ অনিক ও অপু গল্প করছে। এমন সময় তাদের কাছে তাদের মা মামার মোবাইল নম্বর জানতে চাইল। অপু সব মোবাইল ও টেলিফোন নম্বর কম্পিউটারে সংরক্ষণ করে রাখে। সে অনেক খোঁজাখুঁজির পর তার মামার নম্বর বের করে দিল। অনিক লক্ষ করলো অপু নম্বরগুলো এলোমেলো করে সংরক্ষণ করেছে। সে নম্বরগুলো সাজিয়ে রাখার সহজ উপায় ভালোভাবে বুঝিয়ে দিল যাতে সহজেই নম্বরগুলো থেকে একটা নম্বর খুঁজে বের করা যায়।
- ক. ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম কী? ১
- খ. বিভিন্ন টেবিল নিয়ে কাজ করার জন্য কোন ধরনের ডেটাবেজ সুবিধাজনক বলে তুমি মনে করো? ২
- গ. পৃথক ফোন নম্বরগুলো খুঁজতে অসুবিধা হলো কেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. অপু কিভাবে ফোন নম্বর বা অন্যান্য তথ্যাবলি ডেটাবেজ আকারে সংরক্ষণ করতে পারে, যাতে সহজে ও দ্রুততার সাথে ডেটাগুলো বের করা যায়? ৪

২.▶

Roll	Name	Age	Address	GPA
01	Rahman	16	Comilla	4
02	Kamal	18	Dhaka	3.5
03	Rahim	18	Comilla	4.5
04	Jamal	20	Barisal	5
05	Abir	19	Dhaka	2

- ক. রেকর্ড কী? ১
- খ. সর্টিং ও ইনডেক্সিং এর মধ্যে পার্থক্য কী? ২
- গ. উদ্দীপকে প্রথম ফিল্ডটির বর্ণনা দাও। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত সারণীকে ডেটাবেজের রূপান্তরে কী কী সুবিধা পাওয়া যাবে বিশ্লেষণ করো। ৪